

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা, তারিখ: ৫ নভেম্বর, ২০১৮।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময় সংস্থার **Code of Conducts.**

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো যেগুলো সংস্থার পক্ষ থেকে নির্বাচনী **Code of Conducts** হিসেবে বিবেচিত হবে।

যা করা যাবে	যা করা যাবে না
<p>১. কোন কোন প্রাথী নির্বাচনে অংশগ্রহণ করছেন তাদের নাম বলা যাবে।</p> <p>২. কোথাও কোন নির্বাচন সংক্রান্ত মারামারি বা সন্ত্রাসী কর্মকাণ্ড সংগঠিত হলে সে স্থান থেকে দুর্দল সরে আসতে হবে এবং সাথে সাথেই সহকারী পরিচালক-প্রশাসন ও স্টেকহোল্ডার রিলেশন এবং সহকারী পরিচালক-এসএ এন্ড ডিআরআর কে অবহিত করতে হবে।</p> <p>৩. কোথায় কোথায় নির্বাচনী ক্যাম্প আছে তা কর্মীর জানা থাকতে হবে।</p> <p>৪. যেকোন প্রাথীর নির্বাচনী মেটারিয়েল গ্রহণ করা যাবে।</p> <p>৫. নির্বাচন কেন্দ্রে গিয়ে বিধিমালা অনুযায়ী ভোট দেয়া যাবে।</p> <p>৬. কোথায় কোথায় কেন্দ্র আছে সমিতিতে তা বলা যাবে এবং সবাইকে ভোট দিতে যাওয়ার জন্য উৎসাহিত করা যাবে।</p>	<p>১. কোন প্রাথীর পক্ষে বা বিপক্ষে কোন কথা বা সমালোচনা করা যাবে না।</p> <p>২. কোন প্রাথীর নির্বাচনী মেটারিয়েল গ্রহণ করে তা ব্যবহার করা যাবে না।</p> <p>৩. কোন প্রাথীর পোস্টার টানানো যাবে না বা টানানোর সাথে জড়িত হওয়া যাবে না বা কোন পোস্টার ছেড়া যাবে না।</p> <p>৪. কোন প্রাথীর পক্ষে নির্বাচনী মিছিলে অংশগ্রহণ করা যাবে না বা অঙ্গ ভঙ্গীর মাধ্যমে মিছিলের প্রতি সমর্থন দেয়া যাবে না।</p> <p>৫. নির্বাচন সংক্রান্ত কোন মারামারি বা সন্ত্রাসী কর্মকাণ্ড সংগঠিত হলে সে স্থানে থাকা যাবে না বা যাওয়া যাবে না।</p> <p>৬. নির্বাচনের প্রাথীর পক্ষে বা বিপক্ষে কোন পরিচয় বা চিহ্ন বহন করে এমন কোন মেটারিয়েল বহন, প্রদর্শন বা ব্যবহার করা যাবে না।</p> <p>৭. এমন কোন আচরণ করা যাবে না যা কোন প্রাথীর পক্ষে বা বিপক্ষে অবস্থান নেয়।</p> <p>৮. প্রাথীর কোন ক্যাম্পের মধ্যে ঢুকা যাবে না বা কোন প্রাথী থেকে কোন পানীয় বা খাবার গ্রহণ করা যাবে না।</p>

—
05.11.2018

Sanat K. Bhowmik
Director
COAST Trust

যা করা যাবে	যা করা যাবে না
	<p>৯. কোন প্রাথী বা জনগণ বা কোন মিডিয়া সম্পর্কে কোন ব্যক্তিগত বা সাংগঠনিক মতামত দেয়া যাবে না।</p> <p>১০. সমিতিতে বা মাঠে গিয়ে কোন প্রাথীর পক্ষে বিপক্ষে কোন প্রচারণা চালানো যাবে না।</p> <p>১১. এমন কোন কাজ করা যাবে না যা থেকে মনে হবে যে সংশ্লিষ্ট কর্মী নিরপেক্ষ নন।</p>

২. উপরোক্ত কাজগুলোর মধ্যে যদি ‘করা যাবে না’ কাজগুলো কোন কর্মী যদি করেন তাহলে তা কোস্ট মানব সম্পদ নীতিমালা অনুযায়ী **Misconducts** এর আওতায় পড়বে এবং সংশ্লিষ্ট কর্মীর বিরুদ্ধে
প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩. একই চুলায় খায় এমন পরিবারের সদস্যগণকেও এ সার্কুলার মেনে চলতে হবে। পরিবারের কোন
সদস্য যদি এ সার্কুলার না মানেন তাহলে সংশ্লিষ্ট কর্মী দায়ী থাকবেন এবং তার বিরুদ্ধেও প্রশাসনিক
ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪. এ সার্কুলারটি অন্তর্বিলম্বে কার্যকরী হবে এবং এ বিষয়ে কারো কোন অস্পষ্টতা থাকলে আগামী ২৫
নভেম্বর, ২০১৮ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করার জন্য বলা হলো।
৫. এ সার্কুলারটি নিয়ে পর পর দুটি সান্তানিক সভায় বিস্তারিত আলোচনা করতে হবে এবং সকলের
স্বাক্ষরসহ নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখতে হবে।

আপনাদের সকলের সহযোগিতা পেলে সংগঠনকে একটি নিরপেক্ষ ভূমিকায় প্রতিষ্ঠা করা যাবে বলে আমাদের
বিশ্বাস।

ধন্যবাদসহ

সনত কুমার ভোঁমিক

Sanat K. Bhowmik
Director
COAST Trust

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস ফাইল